

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি-এর ৩০.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মামুনুর রশীদ উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)
সভার তারিখ	৩০ ডিসেম্বর, ২০২০
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো-এর সভা কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি-এর সদস্য সচিব এস.এম. আশরাফুল আবেদীন আশা, সহকারী পরিচালক সভায় জানান যে, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণের নিমিত্ত গত ০৩.১২.২০২০ তারিখে একটি কমিটি গঠন করা হয়। কমিটি গঠনের পর অদ্য কমিটির প্রথম সভা আহ্বান করা হয়েছে। তিনি আরও জানান বিএমডিতে নতুন মহাপরিচালক মহোদয় যোগদান করায় সিটিজেন চার্টার হাল নাগাদ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। তাছাড়া, বিএমডি-এর সিটিজেন চার্টার মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্ধারিত ফরমেট অনুযায়ী প্রণয়ন করে শুধুমাত্র ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। জিএসবি-এর নতুন ভবনে অফিস স্থানান্তরের পর ওয়ালে প্রদর্শনের জন্য কোন সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়নি। এ বিষয়ে কমিটির সদস্য জনাব মোসা: মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, বিএমডি-এর ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক/সাইনেজ মেশিনের মাধ্যমে সিটিজেন চার্টার প্রদর্শনের একটি পরিকল্পনা চলমান অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক)	বর্তমান সিটিজেন চার্টার হালনাগাদ করে অনতিবিলম্বে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে;
খ)	নির্ধারিত ফরমেট অনুযায়ী ওয়ালে প্রদর্শনযোগ্য সিটিজেন চার্টার প্রণয়ন করে তা দ্রুত প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক/সাইনেজ মেশিনের মাধ্যমে সিটিজেন চার্টার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং
গ)	প্রতি তিনমাস অন্তর অন্তর কমিটির একটি করে সভা করতে হবে।

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.৩৯১

তারিখ: ১৬ পৌষ ১৪২৭

৩১ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৪) সহকারী পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৫) সহকারী পরিচালক (ভূ-পদার্থ), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৭) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৮) তত্ত্বাবধায়ক, উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

এস.এম. আশরাফুল আবেদীন আশা
সহকারী পরিচালক